কুষ্টিয়ায় কাজী আরেফসহ জাসদের ৫ নেতা হত্যা দিবসে স্মরণ সভা

কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতার ২৪তম হত্যা দিবস উপলক্ষে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে গতকাল শনিবার সকাল ১১ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন কুষ্টিয়া সমিল্লিত সামাজিক আন্দোলনের সভাপতি বীর মুক্তিযুদ্ধা নজরুল ইসলাম। প্রধান অতিথি হিসে সম্মিলিত সামাজিক আন্দোলনের কেন্দ্রীয় নির্বাহী সভাপতি অধ্যাপক রোবায়েত ফেরদৌস। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট গবেষক ও লেখক এ্যাডঃ লালিম হক ও সালেহ আহমেদ।

বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি আলহাজ্ব গোলাম মহসিন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য জাহিদ আলম,কেন্দ্রীয় কমিটির সদস্য মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক জননেতা আহাম্মদ আলী, অধ্যাপক জাহাঙ্গীর আলম সবুজ, হাসিবুর রশিদ তামিম, কমরেড হাফিজ সরকার, অধ্যাপক গোপা সরকার, খলিলুর রহমান মজু,শহীদ লোকমান হোসেনের সন্তান এ্যাডঃ আল মুজাহিদ মিঠু, সাংস্কৃতিক ব্যাক্তি কনক চৌধুরী, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের সহকারী অধ্যাপক অজয় মৈত্র,শহীদ এ্যাডঃ ইয়াকুব আলী’র সন্তান জনাব ইউসুফ আলী রুসো,এ্যাডঃ সোহেলী পারভীন ঝুমুর সাধারণ সম্পাদক অরিন সাংস্কৃতিক সংসদ কুষ্টিয়া, শাফি আব্দুল্লাহ রিডিং সার্কেল কুষ্টিয়া,সাংবাদিক হাসান আলী, মিরপুর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান শেখ মোহাম্মদ বাহাদুর, কুষ্টিয়া সদর উপজেলা জাসদের সভাপতি বীর মুক্তিযুদ্ধা আমিরুল ইসলাম মুকলু, কুষ্টিয়া আদর্শ কলেজের সহকারী অধ্যাপক কবি ও লেখক দিলশাদ বেগমসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক, ছাত্রলীগ, যুবজোট, নারীজোট ও জাসদের সর্বস্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন কুষ্টিয়া জেলা জাসদের নেতা কারশেদ আলম।

নেতৃবৃন্দ জাতীয় নেতা কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতা হত্যার সাজাপ্রাপ্ত পলাতক আসামীদের গ্রেপ্তার করে রায় কার্যকর করার দাবি জানান,একই সাথে সামপ্রদায়িক স্বাধীনতা বিরোধী অপশক্তি,দুর্নীতি দখলবাজদের মোকাবিলা করে – মুক্তিযুদ্ধের চেতনায় সমাজ বিনির্মানে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। সম্মিলিত সামাজিক আন্দোলন

সারাদেশে কাজী আরেফ আহমেদের স্বপ্ন বুকে ধারন করেই সামাজিক সন্ত্রাসী রাজাকারদের বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গড়ে তুলবে।